40

দৈনিক জনকণ্ঠ

তারিখ 29 AUG 1996
পৃষ্ঠা ১ কলাম ৩

# বন্দুকযুদ্ধ

## জগন্নাথ হল দখল নিয়ে ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হল দখল নিয়ে বুধবার রাতে ছাত্রলীগের (শা-পা) দু'টি গ্রুপের মধ্যে আবার বন্দুকযুদ্ধ হয়েছে। যুদ্ধকালে উভয় গ্রুপ কমপক্ষে ২০ রাউন্ড গুলি বিনিময় করেছে। তবে

(শেষ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

(প্রথম পাতার পর) **বন্দুকযুদ্ধ**

এতে কেউ হতাহত হয়নি।

এদিকে গোপন সূত্রের ভিত্তিতে মহানগর পুলিশ বুধবার রাত সাড়ে দশটার দিকে জসীমউদ্দীন, সূর্যসেন ও জিয়া হলের কিছু কিছু জায়গায় তল্লাশি চালায়। হল গেস্ট রুম ও সংলগ্ন ক্যাফেটেরিয়ায় মূলত তল্লাশি চালানো হয়। শেষ খবর পাওয়া পর্যন্ত পুলিশ অবৈধ কিছু উদ্ধার করতে পারেনি। জানা গেছে, রাত ৯টা ৩৫ মিনিটে ছাত্রলীগের বহুজাতিক গ্রুপটি জগন্নাথ হল আক্রমণ করে। তারা শহীদুল্লাহ ও ফজলুল হক হল থেকে এসে গুলি করতে করতে জগন্নাথ হল কমপাউন্ডে ঢোকার চেষ্টা করে। এ সময় জগন্নাথ হলে অবস্থানরত ফরিদপুর গ্রুপের সশস্ত্র কর্মীরা পাল্টা গুলি করে। প্রায় দশ মিনিট দুই গ্রুপের মধ্যে গুলিবিনিময় হয়। দ্রুত পুলিশ ঘটনাস্থলে এলে বহুজাতিক গ্রুপটি চলে যায়। এ অবস্থায় জগন্নাথ হল এলাকায় তীব্র উত্তেজনা বিরাজ করছে। হলের তিনটি প্রবেশ গেটেই ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়েছে। উল্লেখ্য, জগন্নাথ হল দখল নিয়ে বুধবার ছাত্রলীগের দু'টি উপদলের মধ্যে তৃতীয় দিনের মতো যুদ্ধ হলো। এর আগে গত ২১ আগস্ট ফরিদপুর গ্রুপ মুহসীন হল দখল করতে গেলে এই ফাঁকে বহুজাতিক গ্রুপ জগন্নাথ হলে হামলা চালায়। শেষ পর্যন্ত ফরিদপুর গ্রুপের দ্বারা আবার তারা বিতাড়িত হয়।